# SSC Model Test -2018

অধ্যায় ভিত্তিক

| বিষয় | | সময় |
|---|---|---|
| ইসলাম শিক্ষা | | ১.৩০মি |

| পরীক্ষা নং | পূর্ণমান | অধ্যায় |
|---|---|---|
| ০১ | ৪০ | প্রথম |

পরীক্ষার্থীর নাম ঃ .............................................................. রোল নং | | | | | | | রেজি.নং | | | | | | |

**যে কোন ২টি প্রশ্নের উত্তর দাও**

**১। নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাওঃ**

মাওলানা আবু শামা একটি ইসলামি কনফারেন্সে ইমান ও ইসলাম সম্পর্কে গুরুত্বপূর্ণ আলোচনা করছিলেন। আলোচনার এক পর্যায়ে তিনি বললেন, ইমান মানুষের অন্তরে আল্লাহ তায়ালার প্রতি অনুরাগ ও তাঁর সন্তুষ্টি লাভের বাসনা সৃষ্টি করে। আর কার্যত এর বহিঃপ্রকাশই হচ্ছে ইসলাম। মুমিন ব্যক্তি ইমান ও ইসলাম অনুশীলনের মাধ্যমে তার জীবনকে পরিপূর্ণ সৌন্দর্যে বিকশিত করে।

ক. কিয়ামত শব্দের অর্থ কী? ১

খ. কোন দিনকে ইয়াওমুল বা'আছ বলা হয়? ২

গ. ইমানের বহিঃপ্রকাশ সম্পর্কিত আব্দুস সাত্তার সাহেবের উক্তি– ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে জীবনকে পরিপূর্ণ সৌন্দর্যে বিকশিত করতে করণীয় বিশ্লেষণ কর। ৪

**২। নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাওঃ**

বেলালের প্রবাসী বন্ধু জহির দেশে ফিরে তার বাসায় বেড়াতে আসে। যুহরের আযান হলে বেলাল বলে, চল বন্ধু সালাত আদায় করে আসি। জহির বলে, আমি পরে আসছি। বেলাল সালাত শেষে এসে দেখে জহির শুয়ে আছে। তখন বেলাল তাকে বলল, সালাতের ব্যাপারে তুমি উদাসীন কেন? তখন জহির উত্তর দিল, বুড়ো হলে মসজিদেই পড়ে থাকব। তখন বেলাল বলল, হাদিসে আছে, দুনিয়া আখিরাতের শস্যক্ষেত্র।

ক. মহান আল্লাহর বিশেষ সৃষ্টি কারা? ১

খ. আখিরাতে বিশ্বাস মানুষকে কোন কাজে উদ্বুদ্ধ করে? ব্যাখ্যা কর। ২

গ. জহিরের মনোভাব ইসলামের দৃষ্টিতে ব্যাখ্যা কর। ৩

ঘ.উদ্দীপকে উল্লিখিত হাদিসের তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

**৩। নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাওঃ**

আলি ইসলামি বিধিবিধান সম্পর্কে জানে, কিন্তু মেনে চলে না। তার বড় ভাই তাকে বলল, "ইসলামি বিধিবিধান শুধু জানলে হবে না, মেনে চলতে হবে।" আরও বলল, "ইসলাম একটি পূর্ণাঙ্গ জীবনব্যবস্থা।" এটি বিশ্বাস করতে আলি সংশয় প্রকাশ করে।

ক. ইসলাম কার মনোনীত দীন? ১

খ. শাফাআত বলতে কী বোঝায়? ২

গ. আলির দৃষ্টিভঙ্গি ইসলামের দৃষ্টিতে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত আলির বড় ভাইয়ের উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

বহুনির্বাচনী প্রশ্নঃ-২০

**১) কোন দুইটি বিষয়ের সমন্বয়ে আমাদের জীবনকে সার্বিকভাবে গড়ে তুলতে হয়?**

ক. ইমান ও আমানত　　খ. ইমান ও ইসলাম

গ. ইমান ও তাকাওয়া　　ঘ. ইমান ও আহদ

**২) জনাব জাহিন ইহকাল ও পরকালে সফলতা লাভ করতে চান। এজন্য তাকে পরিপূর্ণভাবে বাস্তবায়ন করতে হবে-**

ক. ইমান ও তাকওয়া　　খ. ইসলাম ও আদল

গ ইমান ও আখলাক　　ঘ. ইমান ও ইসলাম

**৩) ইমানের মৌলিক বিষয় কয়টি?**

ক. ৫　　খ. ৬　　গ. ৭　　ঘ. ৮

**৪) ইমানের সর্বপ্রথম ও সর্বপ্রধান বিষয় কোনটি?**

ক. মুহাম্মদ (স)-এর প্রতি বিশ্বাস

খ. আল্লাহ তায়ালার প্রতি বিশ্বাস

গ. আল-কুরআনের প্রতি বিশ্বাস

ঘ. আখিরাতে বিশ্বাস

**৫) ফেরেশতাগণ কীসের তৈরি?**

ক. আগুনের খ. মাটির গ. নুরের ঘ. বাতাসের

**৬) ফেরেশতাদের প্রতি আমাদের ইমান আনতে হবে কেন?**

ক. এটি ইমানের অঙ্গ বলে

খ. ফেরেশতাগণ অত্যন্ত সম্মানিত বলে

গ. ফেরেশতারা নুরের তৈরি বলে

ঘ. তাঁরা সর্বদা আল্লাহর ইবাদতে মশগুল থাকেন বলে

**৭) জনাব হাকিম আল্লাহর কিতাবে বিশ্বাস করেছেন অতঃপর পবিত্র কুরআন অধ্যয়ন করেছেন। এর মাধ্যমে তিনি কী জানতে পারবেন?**

ক. সকল বিধিবিধান খ. সকল রাষ্ট্রের ইতিহাস

গ. হাশরের নির্দিষ্ট সময় ঘ. কিয়ামতের নির্দিষ্ট সময়

**৮) আসমানি কিতাব কতখানা?**

ক. ১০০ খ. ১০৪ গ. ১০৫ ঘ. ১১০

**৯) আল্লাহ তায়ালা যুগে যুগে নবি-রাসুল প্রেরণ করেছেন কেন?**

ক. আল্লাহ তায়ালার শ্রেষ্ঠত্ব প্রমাণের জন্য

খ. মানবজাতির হিদায়াতের জন্য

গ. আল্লাহর ইবাদত করার জন্য

ঘ. আল্লাহর মহিমা প্রকাশের জন্য

**১০) আওয়াম সাহেব ইমান ও ইসলাম উভয়টিকেই পরিপূর্ণভাবে স্বীয় জীবনে বাস্তবায়ন করেন এবং সৎকাজ করে থাকেন। এর ফলে তিনি কী লাভ করবেন?**

ক. জাহান্নাম খ. জান্নাত গ. ধনসম্পদ ঘ. খ্যাতি

**১১) জুয়েলের ধারণা দুনিয়ার জীবনই শেষ, আখিরাত বলে কিছু নেই। আর এজন্য সে বিভিন্ন অসৎকাজে লিপ্ত থাকে। তার স্থান কোথায় হবে?**

ক. জান্নাতে খ. জাহান্নামে গ. কবরে ঘ. আরাফে

**১২) কোনটি ইসলামের ব্যবহারিক দিকের উদাহরণ নয়?**

ক. ওয়াদা পালন খ. ন্যাবিচার

গ. সালাত আদায় ঘ. তাকদিরে বিশ্বাস

**১৩) মানুষ তার ভাগ্য ফেরানোর জন্য চেষ্টা করবে এবং ফলাফলের জন্য কী করবে?**

ক. প্রচেষ্টা অব্যাহত রাখবে খ. আল্লাহর ওপর নির্ভর করবে

গ. নিজের ওপর আস্থা রাখবে ঘ. আল্লাহর নিকট দোয়া করবে

**১৪) জহির কোনো কাজ করে সফল না হলেও হতাশ হয় না আবার সফল হলে খুশিতে আত্মহারা না হয়ে শুকরিয়া আদায় করে। তার ক্ষেত্রে শরিয়তের রায় কী?**

ক সে একজন ওলিয়ে কামেল

খ. সে একজন পূর্ণাঙ্গ মুমিন

গ. সে একজন তকদিরে বিশ্বাসী ব্যক্তি

ঘ. তার ব্যাপারে আল্লাহই ভালো জানেন

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও :**

জনাব আমিন অহংকারী। সকল ক্ষেত্রে তিনি নিজের মতামত চাপিয়ে দিতে চান। ফলে সর্বত্র অশান্তি ও বিশৃঙ্খলা সৃষ্টি হয়। তার বড় ভাই বললেন, তুমি ইসলামকে পুরোপুরি অনুসরণ কর।

**১৫) ইসলাম অনুসরণের কারণে জনাব আমিনের জীবন পরিচালিত হ**

ক. হাসি ও আনন্দে খ. সুখ ও স্বাচ্ছন্দ্যে

গ. সুষ্ঠু ও সুন্দরভাবে ঘ. সচ্ছলভাবে

**১৬) এর ফলে জনাব আমিন প্রশান্তি লাভ করবেন-**

i. ব্যক্তিগত ও পারিবারিক জীবনে

ii. সামাজিক ও সাংস্কৃতিক অঙ্গনে

iii. অর্থনৈতিক ও রাজনৈতিক ব্যবস্থায়

**নিচের কোনটি সঠিক?**

ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

**১৭) শরাফত স্যার ক্লাসে বলেন যে, এটিই ইমানের সর্বপ্রথম ও সর্বপ্রধান বিষয়। কোনটি?**

ক. রিসালাত খ. তাকওয়া গ. বারযাখ ঘ. তাওহিদ

**১৮) ইমানের সর্বপ্রধান বিষয় কী?**

ক. ইসলামে বিশ্বাস খ. আখিরাতে বিশ্বাস

গ. তাওহিদে বিশ্বাস ঘ. রিসালাতে বিশ্বাস

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও :**

জনাব সুলায়মান আল্লাহ তায়ালার প্রতি আন্তরিকভাবে বিশ্বাস স্থাপন করে তাঁর নিকট পরিপূর্ণভাবে আত্মসমর্পণ করেছেন। তিনি ইসলামের বিধিবিধান মেনে চলেন।

**১৯) জনাব সুলায়মানকে কী বলা হয়?**

ক. মুত্তাকি খ. মুহসিন গ. মুজাহিদ ঘ. মুসলিম

**২০) এরূপ বিশ্বাস ও কর্মের ফলে তিনি লাভ করবেন–**

i. দুনিয়াতে শান্তি

ii. আখিরাতে শান্তি

iii. প্রচুর ধনসম্পদ

**নিচের কোনটি সঠিক?**

ক. i ও ii খ .i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii